গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**"১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর)" উদযাপন উপলক্ষ্যে সুনির্দিষ্ট কর্মসূচী প্রণয়নের নিমিত্ত গঠিত কমিটি ও অংশীজনদের সমন্বয়ে জুম প্লাটফর্মে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী গোলাম তৌসিফ<br>অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৮ নভেম্বর ২০২৫ খ্রি. মঙ্গলবার |
| সভার স্থান | : | জুম প্লাটফর্ম |

অতিরিক্ত সচিব কার্যক্রম ও অদ্যকার সভার সভাপতি অনলাইনে জুম প্লাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর)' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বছরে গৃহীত কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করার জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (নাশিনিপ্র) ড. প্রকাশ কান্তি চৌধুরীকে অনুরোধ করেন। যুগ্মসচিব (নাশিনিপ্র) '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫' উদযাপনের নিমিত্ত প্রস্তাবিত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে ১৬ দিন ব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর) উদযাপনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার জন্য **পরিশিষ্ট-ক** তে সংযুক্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কার্যক্রম অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কার্যক্রম গ্রহণ করবে।

০৩। সকল বেসরকারি সংস্থা, ডেভেলপমেন্ট পার্টনার, সিভিল সোসাইটি যে সকল কার্যক্রম গ্রহণ করবে তা ইমেইল নম্বর- dscell_jms@mowca.gov.bd তে প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি '১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ এর সফলতা কামনা করে জুম প্লাটফর্মে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.১১.২০২৫

কাজী গোলাম তৌসিফ
অতিরিক্ত সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## ১৬ দিন ব্যাপী আন্তর্জাতিন নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর) গৃহীত কার্যক্রম

| ক্র.ন. | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর /সংস্থা | সম্ভাব্য তারিখ ও সময় | প্রস্তাবিত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ২৪/১১/২০২৫ সকাল ১১:৩০ | ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ উপলক্ষ্যে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রিন্ট, ইলেক্ট্রনিক মিডিয়ার উপস্থিতিতে সংবাদ সম্মেলন | জনসংযোগ কর্মকর্তা, মশিবিম |
| ২. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং ইউএন এজেন্সী | ২৫/১১/২০২৫ সকাল ১০:০০ | ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠান<br>ভেন্যু: উইন্ডি ট্যারেস, বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র | |
| | | ২৫/১১/২০২৫ সকাল ১১:৩০ | PANEL DISCUSSION ON PREVENTING TECHNOLOGY FACILITATED VIOLENCE IN BANGLADESH: GAPS, CHALLENGES, AND RECOMMENDATIONS | |
| ৩. | **(ক)** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা, জয়িতা ফাউন্ডেশন, ডিএনএ ল্যাবরেটরি ব্যবস্থাপনা অধিদপ্তর | **স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে।** | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থা কর্তৃক মাঠ পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক প্রচার-প্রচারণা, র‍্যালী, আলোচনা সভা, ডকুমেন্টরি প্রদর্শন | সকল দপ্তর/সংস্থা |
| | | | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে টোলফ্রি জাতীয় হেল্পলাইন ১০৯, কুইক রেসপন্স টিম (০১৭১৩৬৫৯৫৭৩ ও ০১৭১৩৬৫৯৫৭৪) সম্পর্কিত প্রচার প্রচারণা | |
| | | | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প, কর্মসূচী ও কার্যক্রমের মাধ্যমে কমিউনিটি পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক প্রচার-প্রচারণা, র‍্যালী, উঠান বৈঠক, ডকুমেন্টরি/ টিভিসি প্রদর্শন | |
| | | | জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে মানসিকতা পরিবর্তন, সাইবার সহিংসতা প্রতিরোধ, মনোসামাজিক কাউন্সেলিং, আইনী সহায়তা, শীর্ষক সভা/ সেমিনার/ গোলটেবিল বৈঠক/ ওয়ার্কশপ আয়োজন | প্লাউ |
| | | | নারীর ক্ষমতায়ন, জেন্ডার সমতা অর্জন এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারে বিদ্যমান সেবা কার্যক্রম শক্তিশালীকরণ ও সম্প্রসারনের নিমিত্ত প্রয়োজনীয় ক্ষেত্র ও সূচক নির্ধারনসহ তথ্য-উপাত্ত চিহ্নিতকরণ/সংগ্রহের লক্ষ্যে গোল টেবিল বৈঠক/ কর্মশালা আয়োজন | যে সকল মন্ত্রণালয়/বিভাগ এর নারী নির্যাতন প্রতিকার/পাচার ইত্যাদি টিভিসি |

| ক্র.ন. | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর /সংস্থা | সম্ভাব্য তারিখ ও সময় | প্রস্তাবিত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে সামাজিক যোগাযোগ এর মাধ্যম, টিভিসি ও পেইজ বুস্টিং এর মাধ্যমে প্রচার-প্রচারণা | আছে তা প্রচার করবে। |
| | **(খ)** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং Development Partner, Civil Society Organization (UN Agency) | **স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে।** | নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে আলোচিত ঘটনাগুলোর ডকুমেন্টেশন | |
| | | | ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষের উপজীব্যভিত্তিক সংশ্লিষ্ট বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান/ ডেভেলপমেন্ট পার্টনার ও অন্যান্য সামাজিক সংগঠনের সাথে সমন্বয়পূর্বক স্ব-স্ব কর্মসূচি বাস্তবায়ন | |
| | | | • Workshop on **"Technology Facilitated Gender-based violence"** | প্লাউ |
| | | | নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে গণপরিবহন, পাবলিক স্পেস ও কর্মস্থলে নারীবান্ধব পরিবেশ নিশ্চিতকরণে প্রচারণা/ মতবিনিময় সভা | |
| ৪. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | | • নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে ২৪ ঘন্টা জরুরী সেবা ৯৯৯ এর প্রচার প্রচারণা<br>• ভিকটিম সাপোর্ট ডেস্ক এর মাধ্যমে সে সকল বিশেষ সেবা দেয়া হয় তা বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ<br>• নারী ও শিশু পাচার রোধে প্রচার-প্রচারণা, টিভিসি | যে সকল মন্ত্রণালয়/বিভাগ এর নারী নির্যাতন প্রতিকার/পাচার ইত্যাদি টিভিসি আছে তা প্রচার করবে। |
| ৫. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | | • ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ উপলক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সচেতনতামূলক প্রচার-প্রচারণা<br>• ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ উপলক্ষ্যে জেলা এবং উপজেলা পর্যায়ে তথ্য অধিদপ্তরের মাধ্যমে বিভিন্ন ডকুমেন্টারি, টিভিসি জনাকীর্ণ স্থানে প্রদর্শন।<br>• ইলেক্ট্রনিক মিডিয়া, সামাজিক যোগাযোগ মাধ্যম, বেতার ও এফএম রেডিওতে ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান/ টক শো আয়োজন<br>• ইলেক্ট্রনিক মিডিয়া এবং স্থানীয় ডিশ লাইনে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে জনসচেতনতামূলক তথ্য প্রচার/ স্ক্রল প্রদান | |
| ৬. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | | • বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্বদের সম্পৃক্ত করে জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে যুব সমাজকে উদ্বুদ্ধকরণে ওয়ার্কশপ/ কর্মশালা আয়োজন/প্রচার-প্রচারণা | |

| ক্র.ন. | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর /সংস্থা | সম্ভাব্য তারিখ ও সময় | প্রস্তাবিত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | নারী ফুটবলার/ ক্রিকেটারদের অংশগ্রহণে প্রীতি ফুটবল/ ক্রিকেট ম্যাচ আয়োজনপূর্বক নারীর প্রতি সহিংসতা প্রতিরোধমূলক প্রচারণা | |
| ৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | | মোবাইল আসক্তি রোধ, সাইবার সুরক্ষা ও সাইবার বুলিং বিষয়ক সচেতনতামূলক কর্মশালা | |
| ৮. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | **স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে।** | সকল মোবাইল অপারেটরদের মাধ্যমে সকল নাগরিককে নারীও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ে ক্ষুদেবার্তা প্রেরণ | |
| ৯. | স্বাস্থ্য সেবা বিভাগ | | নারী-পুরুষ ও শিশু নির্বিশেষে মানসিক স্বাস্থ্য সুরক্ষার জন্য সচিবালয়সহ বিভিন্ন উপযুক্ত স্থানে মানোসামাজিক কাউন্সেলিং সেবা প্রদান। | যে সকল মন্ত্রণালয়/বিভাগ এর নারী নির্যাতন প্রতিকার/পাচার ইত্যাদি টিভিসি আছে তা প্রচার করবে। |
| ১০. | স্থানীয় সরকার বিভাগ | | নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে কমিউনিটি পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মাধ্যমে বহুল প্রচারণার লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম, র‍্যালী, টিভিসি ও ডকুমেন্টরি প্রদর্শন | |
| ১১. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | | জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে গণপরিবহন এবং দৃশ্যমান স্থানে স্টিকার, লিফলেট, ফ্লায়ার বিতরণ ও প্রচার-প্রচারণা | |
| ১২. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সচেতনতামূলক আর্ট প্রদর্শনী, পথ নাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | |
| ১৩. | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | | • মাধ্যমিক ও তদূর্ধ্ব পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত, সকল মাদ্রাসা ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান) একটি সুনির্দিষ্ট তারিখ ও সময়ে একযোগে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে শপথ বাক্য পাঠ<br>• সাইবার বুলিং রোধ নিরাপদ ইন্টারনেট ব্যবহারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক আলোচনা<br>• নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে বাংলাদেশ স্কাউটস এবং গার্ল গাইডস এ্যাসোসিয়েশনের মাধ্যমে প্রচার-প্রচারণা | |
| ১৪. | সমাজকল্যাণ মন্ত্রণালয় | | • নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে নিবন্ধনকৃত বেসরকারি সংস্থার সহযোগিতায় সংশ্লিষ্টদের নিয়ে সভা/ সেমিনার/ ওয়ার্কশপ/ প্রচার-প্রচারণা<br>• নারী নির্যাতন বিষয়ে প্রতিবন্ধী নারী ও থার্ড জেন্ডারের জন্য বিশেষ প্রচারণা/ সেবা<br>• শিশু নিবাস/শিশু পরিবার/এতিমখানা/ভিকটিম সাপোর্ট সেন্টারসমূহে নারী ও শিশুদের মানসিক উৎকর্ষতার জন্য নারীদের প্রতি সম্মানজনক আচরণ সংক্রান্ত আলোচনা। | যে সকল মন্ত্রণালয়/বিভাগ |

| ক্র.ন. | মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর /সংস্থা | সম্ভাব্য তারিখ ও সময় | প্রস্তাবিত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৫. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | **স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক তাদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবে।** | মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে স্ব স্ব ধর্মের আলোকে নারীদের প্রতি সম্মান, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারে বিশেষ আলোচনার ব্যবস্থা গ্রহণ। | এর নারী নির্যাতন প্রতিকার/পাচার ইত্যাদি টিভিসি আছে তা প্রচার করবে। |
| ১৬. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | | পোষাক শিল্প, বিকেএমইএ, বিজিএমইএ এবং বিভিন্ন শিল্প কারখানায় কর্মরত শ্রমিকদের নিয়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারে সচেতনতামূলক মতবিনিময় সভা | |
| ১৭. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | | ১৬ দিনব্যাপী আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২৫ এর সমাপণী অনুষ্ঠান | |

**বি: দ্র:- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ নারী নির্যাতন প্রতিরোধে নিজস্ব উদ্ভাবনী চিন্তাপ্রসূত কার্যক্রম গ্রহণ করতে পারে।**